

চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্মারক নং- চুয়াঃ/পৌঃ/২০১৮/৯৮৪(১০)


তারিখ-১৬-০৮-২০১৮ খ্রিঃ।

ঃ অফিস আদেশ :ঃ

পৌরসভা একটি সেবামূলক প্রতিষ্ঠান। নাগরিক সেবা সমূহের মধ্যে পরিষ্কার পরিচ্ছন্নতা, সড়ক-বাতির বিদ্যুৎ, পানি সরবরাহ, এ্যাম্বুলেন্স ইত্যাদি ব্যবস্থা সার্বক্ষণিক সচল রাখা জরুরী। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, সরকারী ছুটির দিনে উপরি বর্ণিত কোন সেবা যেমন সড়কে বাতি না থাকা বা বিনষ্ট হওয়া, পানি সরবরাহ ব্যবস্থার যে কোন ধরনের ত্রুটি বা বিনষ্ট হলে ইত্যাদি জরুরী অত্যাৱশ্যক কাজ হওয়া সত্ত্বেও ছুটির দিন হওয়ার কারণে সচল করা হয় না। অথচ উক্ত সেবা সমূহ অত্যাৱশ্যক হওয়ায় সার্বক্ষণিক সচল রাখা জনস্বার্থে খুবই জরুরী। পৌরসভার উক্ত সেবা সমূহের মধ্যে বিশেষ করে পানি সরবরাহ এবং সড়ক বাতি সচল রাখা কাজে প্রয়োজনীয় কর্মচারী নিয়োজিত রয়েছে।

২. এমতাবস্থায় জনস্বার্থ বিবেচনায় সরকারী ছুটির দিনেও পানি সরবরাহ ও সড়ক বাতির কাজ জনস্বার্থে ত্রুটিমুক্তভাবে সচল রাখার জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী দপ্তরে উপস্থিত থাকার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

জন-স্বার্থে এ আদেশ জারি করা হ'ল।


(মোঃ ওবায়দুর রহমান চৌধুরী)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে-

০১. জনাব.. .. .কাউন্সিলর, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।
০২. নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পৌরসভাকে শাখা ও বিভাগীয় প্রধান হিসেবে আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক নিম্ন-স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
০৩. সহকারী প্রকৌশলী(পূর্ত), চুয়াডাঙ্গা পৌরসভাকে শাখা প্রধান হিসেবে আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক নিম্ন-স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
০৪. সহকারী প্রকৌশলী(পানি সরবরাহ), চুয়াডাঙ্গা পৌরসভাকে শাখা প্রধান হিসেবে আদেশ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক নিম্ন-স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
০৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, চুয়াডাঙ্গা পৌরসভা।
০৬. কন্জার ভেস্টী পরিদর্শক, চুয়াডাঙ্গা পৌরসভা।
০৭. ষ্টোরকীপার, চুয়াডাঙ্গা পৌরসভা-কে অফিসে উপস্থিত থেকে চাহিদা অনুযায়ী মালামাল সরবরাহ করার নির্দেশ দেওয়া হ'ল।
০৮. সড়কবাতি পরিদর্শক, চুয়াডাঙ্গা পৌরসভা-কে আদেশ মোতাবেক কাজ করার নির্দেশ দেওয়া হলো।
০৯. চুয়াডাঙ্গা পৌরসভা।
১০. অফিস কপি।